# উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়,সুন্দরগঞ্জ,গাইবান্ধা

## এক নজরে

**প্রশিক্ষণ সংক্রান্ত সেবা:**

| সেবার ধরন | সেবা গ্রহিতা | সেবার বিষয় | সেবার স্থান |
|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ | ১৮-৩৫ বছর<br>অষ্টম শ্রেণী পাশ<br>বেকার যুব ও যুব মহিলা | গবাদিপশু,হাসমুরগি পালন, উহাদের প্রাথমিক চিকিৎসা,মৎস্য চাষ ও কৃষি বিষয়ক প্রশিক্ষণ (আবাসিক) | যুব প্রশিক্ষণ কেন্দ্র<br>যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| | | মৎস্য চাষ (অনাবাসিক) | যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| | | পোষাক তৈরি | যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| | | ইলেকট্রনিক্স | যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| | | ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়ারিং | যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| | | রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং | যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| | | মোবাইল ফোন সার্ভিসিং এন্ড রিপিয়ারিং | যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| | ১৮-৩৫ বছর<br>এইচএসসি পাশ<br>বেকার যুব ও যুব মহিলা | কম্পিউটার বেসিক এন্ড আইসিটি এ্যাপ্লিকেশন | যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| | ২২-৩৫ বছর<br>এইচএসসি পাশ<br>বেকার যুব ও যুব মহিলা | যানবাহন চালন প্রশিক্ষণ | যুব উন্নয়ন অধিদপ্তর,জেলা কার্যালয়<br>গাইবান্ধা |
| অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ | ১৮-৩৫ বছর<br>৫ম শ্রেণী পাশ<br>বেকার যুব ও যুব মহিলা ৩০-৪০ জন একত্রে ব্যাচ গঠন করে। | স্থানীয় চাহিদার ভিত্তিতে যে কোন বিষয় ভিত্তিক প্রশিক্ষণ (গাভি পালন,গরু মোটাতাজাকরণ, পারিবারিক হাসমুরগি পালন,নার্সারি,মৎস্য চাষ,ছাগল পালন,ক্ষুদ্র ও কুটির শিল্প,ব্লক প্রিন্ট, বাটিক প্রিন্ট ইত্যাদি) | সংশ্লিষ্ট উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কর্তৃক নির্বাচিত সুবিধাজনক প্রতিষ্ঠান |

**ঋণ সংক্রান্ত সেবা:**

| সেবার ধরন | ঋনের জন্য প্রশিক্ষণের ধরণ | ঋণের পরিমান (জন প্রতি) | সার্ভিস চার্জ | কিস্তি পরিশোধের ধরণ | ঋণ গ্রহণে প্রয়োজণীয় কাগজপত্র | ঋণ গ্রহণে খরচ |
|---|---|---|---|---|---|---|
| প্রশিক্ষণ পরবর্তী প্রকল্প গ্রহণ/ সম্প্রসারনে ঋণ প্রদান | প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ | ১৫০০০০/- হতে ২০০০০০/-পর্যন্ত (দফা ভিত্তিক সর্বোচ্চ) | ৫% ক্রমহ্রাসমান হারে | মাসিক | জামিনদারের জমির মূলদলিল/খারিজ /মাঠ পর্চা ও হালনাগাদ খাজনা পরিশোধ রশিদ | আবেদন ফরম মূল্য ২০/- ও ঋণ চুক্তি পত্রের জন্য ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্প |
| | অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ | ১০০০০০/- হতে ১৫০০০০/- পর্যন্ত (দফা ভিত্তিক সর্বোচ্চ) | ৫% ক্রমহ্রাসমান হারে | মাসিক | জামিনদারের জমির মূলদলিল/খারিজ /মাঠ পর্চা ও হালনাগাদ খাজনা পরিশোধ রশিদ | আবেদন ফরম মূল্য ২০/- ও ঋণ চুক্তি পত্রের জন্য ৩০০/- টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্প |
| পরিবারভিত্তিক কর্মসংস্থান কর্মসুচি (৫জনের গ্রুপ করে ৪টি/৬টি গ্রুপ নিয়ে একটি কেন্দ্র মোট ২০/৩০ জন) | | ৩০০০০/- হতে ৪০০০০/- পর্যন্ত (দফা ভিত্তিক) | ৫% | সাপ্তাহিক | জামিনদারের জমির দলিল/খারিজ /মাঠ পর্চা /হালনাগাদ খাজনা পরিশোধ রশিদ ফটোকপি | আবেদন ফরম মূল্য ১০/- ও প্রতি গ্রুপ (৫জন)এর জন্য ঋণ চুক্তি পত্রের ৩০০/-টাকার নন জুডিশিয়াল ষ্ট্যাম্প |

**যুব সংগঠন নিবন্ধন (Registration) সংক্রান্ত সেবা:**

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক যুব কার্যক্রম বাস্তবায়নে যুব সংগঠন সমূহকে নিবন্ধন করা হয়। নিবন্ধনের নিয়ম:

| সেবার ধরণ | নিবন্ধনের জন্য সংগঠনের ধরণ | আবেদন ফরম প্রাপ্তির স্থান | আবেদনের সাথে প্রয়োজণীয় কাগজপত্র | নিবন্ধন ফি | নিবন্ধন সম্পাদনকারী কার্যালয় |
|---|---|---|---|---|---|
| নিবন্ধন | যুব সংগঠন | যুব উন্নয়ন অধিদপ্তর জেলা / উপজেলা কার্যালয় | #গঠনতন্ত্র অনুমোদন সংক্রান্ত সবার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি এবং কার্যনির্বাহী কমিটি গঠন সংক্রান্ত সভার কার্যবিবরণীর সত্যায়িত অনুলিপি ০৩কপি।<br>#কার্যনির্বাহী কমিটির ও সাধারণ সদস্যদেও নাম,পেশা,বর্তমান ও স্থায়ী ঠিকানা এবং স্বাক্ষরসহ নামের তালিকা ০৩ কপি।<br>#বাড়ী ভাড়া: নিজস্ব সম্পত্তি হলে মূল দলিল ও হালনাগাদ খাজনা পরিশোধের সত্যায়িত অনুলিপি, ভাড়াবাড়ী হলে চুক্তিপত্রের সত্যায়িত অনুলিপি ০৩ কুপি।<br>#ব্যাংক হিসাব সংক্রান্ত বিবরণী ০৩ কপি।<br>#গঠনতন্ত্র সত্যায়িত অনুলিপি ০৩ কুপি।<br>#যুব সংগঠনের নিজস্ব প্যাডে বর্তমান কার্যক্রম ও ভবিষ্যৎ পরিকল্পনা বিবরণ।<br>#৫০০/- ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কষাগারে জমার চালান কপি। | ৫০০/- (পাচঁশত) টাকা | জেলা কার্যালয়ের মাধ্যমে নিবন্ধন সম্পাদন করা হয় |

**যুব সংগঠন সমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সেবা:**

যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক যুব কল্যাণ তহবিল হতে প্রতিবছর বাছাইকৃত যুব সংগঠন সমূহকে প্রকল্প ভিত্তিক ২০০০০/- টাকা থেকে ৫০০০০/- টাকা পর্যন্ত অনুদান প্রদান করা হয়। এছাড়া অনুন্নয়ন খাতের আওতায় প্রতিবছর যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রতি জেলায় একটি যুব সংগঠনকে প্রকল্প ভিত্তিক অনুদান প্রদান করা হয়। যাবতীয় তথ্য ও ফরম যুব উন্নয়ন অধিদপ্তর এর ওয়েব সাইট www.dyd.gov.bd থেকে সংগ্রহ করা যাবে।

**পুরস্কার প্রদান সংক্রান্ত সেবা:**

| সেবার ধরণ | যুব পুরস্কারের নাম | বিবরণ | যে কাজের জন্য পুরস্কার দেয়া হয় |
|---|---|---|---|
| যুব পুরস্কার | জাতীয় যুব পুরস্কার | প্রতি বছর সর্বমোট ২৭জন যুবদের এ পুরস্কার প্রদান করা হয়। | যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ ও যুব ঋণ গ্রহণ করে আত্মকর্মসংস্থানে সফল উদ্যোক্তা এবং স্বেচ্ছাসেবী যুব সংগঠক হিসেবে সফল উদ্যোক্তাদের এ পুরস্কার প্রদান করা হয়। |
| | কমনওয়েল্থ যুব পুরস্কার | সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক | যুব ও যুব সংগঠককে যুব উন্নয়ন কর্মকান্ড এবং আদিবাসী যুবদের উন্নয়ন মূলক কর্মকান্ডের স্বীকৃতি স্বরুপ এ এ্যাওয়ার্ড প্রদান করা হয়। |
| | সার্ক ইয়ুথ এ্যাওয়ার্ড | সংশ্লিষ্ট সংস্থা কর্তৃক জারিকৃত নির্দেশনা মোতাবেক | দক্ষিণ এশিয় অঞ্চলে যুবদের শৃজনশীল এবং উৎপাদনমূখী কার্যক্রমে স্বীকৃতি স্বরুপ এ এ্যাওয়ার্ড প্রদান করা হয়। |
| | ইয়ুথ ভলান্টিয়ার এ্যাওয়ার্ড | প্রতিবছর একাধিক ক্যাটাগরিতে এ পুরস্কার প্রদান করা হয়। | যুবদের স্বেচ্ছামূলক কাজে উৎসাহিত করা এবং এর মাধ্যমে দেশ প্রেমে উদ্বুদ্ধ করার জন্য এ এ্যাওয়ার্ড প্রদান করা হয়। |